

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
(সচিবের দপ্তর)
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.moind.gov.bd

স্মারক নং-৩৬.০০.০০০০.০২১.১৬.০০৩.১৮-

তারিখ : ০৬ কার্তিক ১৪২৬
২২ অক্টোবর ২০১৯

বিষয়ঃ শিল্প সচিব মহোদয়ের নির্দেশনা।

শিল্প সচিব মহোদয় কর্তৃক বিগত ০২/১১/২০১৮ খ্রি. তারিখে চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার লিমিটেড পরিদর্শন এবং পরিদর্শন শেষে বিসিআইসি'র চেয়ারম্যানসহ সিইউএফএল এর উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভায় প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন অবস্থা বিষয়ক সভায় ২৭-০৯-২০১৯ তারিখ শুক্রবার বিকাল ৪:০০টায় চট্টগ্রামস্থ সিইউএফএল'র সম্মেলন কক্ষে আলোচনা করা হয়। সিইউএফএল এর ব্যবস্থাপনা পরিচালক সচিব মহোদয়ের নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। এছাড়া সভায় অন্যান্য প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাগণও উপস্থিত ছিলেন।

২.০ সিইউএফএল'র প্রতি নির্দেশনাঃ

- ২.১। বিগত ০২/১১/২০১৮ খ্রি. তারিখে পরিদর্শন শেষে প্রদত্ত নির্দেশনা প্রতিপালন অব্যাহত রাখতে হবে। নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি দ্রুততর করতে হবে।
- ২.২। ক্রয়ের ক্ষেত্রে সর্বোচ্চ স্বচ্ছতা বজায় রাখতে হবে। অনেক সময় অভিযোগ পাওয়া যায় পণ্যের স্পেসিফিকেশন এমনভাবে তৈরি করা হয় যার ফলে ভাল প্রতিষ্ঠান টেন্ডারে অংশ গ্রহণ করতে পারে না। মেশিনের এমন নম্বর উল্লেখ করা হয় যা কোন প্রতিষ্ঠিত কোম্পানি প্রস্তুত করে না। এ ক্ষেত্রে নিম্ন মানের প্রতিষ্ঠান থেকে ঐ নাম্বার দিয়ে মেশিন প্রস্তুত করে সরবরাহ করা হয়। এমনটি যাতে না ঘটে সে ব্যাপারে সতর্ক থাকতে হবে।
- ২.৩। টেন্ডার এগ্রিমেন্ট-এ ওয়ার্ক সিডিওল ও পেইমেন্ট সিডিওল সতর্কতার সাথে করতে হবে। কাজ সন্তোষজনকভাবে শেষ না হওয়া পর্যন্ত চূড়ান্ত বিল পরিশোধ করা যাবে না।
- ২.৪। কারখানা পুরাতন হলেও যন্ত্র নিলে মেশিনারিজ ঠিক থাকে। দায়িত্বপ্রাপ্ত যন্ত্র প্রকৌশলী নিয়মিত পরিদর্শন করে যন্ত্রপাতি-মেশিনারিজ মেরামত সিডিওল তৈরি করবেন। সে অনুযায়ী মেশিনারিজ রক্ষণাবেক্ষণ করতে হবে।
- ২.৫। ২০ হাজার মেট্রিক টন ধারনক্ষম র ওয়াটার সেটেলিং বেসিন/ট্যাংক স্থাপন এবং ডেমিন ওয়াটারের চাহিদা পূরণের জন্য প্রস্তাবিত ২৫০ মে.টন/ঘন্টা ক্ষমতা সম্পন্ন নতুন ডেমিন ওয়াটার প্লান্ট স্থাপনের বিষয়টি দ্রুত ডিপিপিতে অন্তর্ভুক্ত করে সম্পন্ন করতে হবে।
- ২.৬। ২৪০ মে.টন/ঘন্টা ক্ষমতা সম্পন্ন স্টীম সরবরাহ নিশ্চিতকরণের স্বার্থে বয়লার 'সি' এর রি-টিউবিং, কমিশনিং ও পারফরমেন্স গ্যারান্টি টেস্ট রান দ্রুত সমাপ্ত করে বাকি ২টি বয়লার রি-টিউবিং এর জন্য হস্তান্তর করতে হবে।
- ২.৭। বর্তমান সরকারের চ্যালেঞ্জ সময়মতো কৃষকের দোরগোড়ায় সার পৌঁছে দেওয়া। এ কাজটি বিসিআইসি'র মাধ্যমে শিল্প মন্ত্রণালয় অত্যন্ত সাফল্যের সাথে সম্পন্ন করে আসছে। নিরবচ্ছিন্ন সার উৎপাদনের স্বার্থে আরও একটি বয়লারের একান্ত আবশ্যিক হলে এবছরই প্রয়োজনবোধে APP সংশোধন করে ডিপিপিতে অন্তর্ভুক্ত পূর্বক স্থাপন করতে হবে।
- ২.৮। পিডিবি পাওয়ারের বিকল্প হিসেবে পানি উত্তোলন কেন্দ্রে ৮০০ কি.ওয়াট/১ মেগা ওয়াট ক্ষমতা সম্পন্ন নতুন ডিইজি স্থাপন, নতুন ট্রান্সফরমার ক্রয় প্রভৃতি বিদ্যুৎ সংক্রান্ত কাজগুলি দ্রুত সম্পন্ন করতে হবে।
- ২.৯। লোকাল জেটি মেরামত কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।

চলমান পাতা

২.১০। পুরাতন যন্ত্রপাতি সংস্কার, প্রতিস্থাপন ও পুনর্বাসন কাজ দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে। আগামী বৎসরের জন্য ফেলে রাখা বাঞ্ছনীয় হবে না। নির্ধারিত সময়ের মধ্যে ওভার হোলিং সমাপ্ত সার উৎপাদনে যেতে হবে।

৩.০। বাস্তবায়নে-

- ক) অতিরিক্ত সচিব (স্বস, আস, নীতি, বিএসএফআইসি), শিল্প মন্ত্রণালয়, ঢাকা
খ) চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, ঢাকা
গ) পরিচালক (সকল), বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, ঢাকা
ঘ) ব্যবস্থাপনা পরিচালক, সিইউএফএল, চট্টগ্রাম

৪.০। এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের উদ্যোগ নিয়ে গৃহীত কার্যক্রম ও অগ্রগতি শিল্প মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে মাসিক ভিত্তিতে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রতুল কুমার সাহা
22-১০-২০১৯
(প্রতুল কুমার সাহা)
উপসচিব
শিল্প মন্ত্রণালয়
ফোন: +৮৮ ০২ ৯৫৫৮৪১৩
ই-মেইল: pratul.saha1@gmail.com

স্মারক নং-৩৬.০০.০০০০.০২১.১৬.০০৩.১৮-১৩৭/৭

০৬ কার্তিক ১৪২৬
তারিখ : -----
২২ অক্টোবর ২০১৯

বিতরণ- সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (স্বস, আস, নীতি, বিএসএফআইসি), শিল্প মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের নির্দেশনা বাস্তবায়ন অনুসরণের অনুরোধসহ)
- ২। অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয়, ঢাকা
- ৩। চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, ঢাকা
- ৪। পরিচালক (সকল), বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, ঢাকা
- ৫। সিস্টেম এনালিস্ট, শিল্প মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৬। সচিবের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭। ব্যবস্থাপনা পরিচালক, সিইউএফএল, চট্টগ্রাম

প্রতুল কুমার সাহা
22/১০/১৯
উপসচিব
শিল্প মন্ত্রণালয়